# আজ ভয়াবহ ২১ আগস্ট গ্রেনেড হামলার ২২ বছর



ছবি: সংগৃহীত

আজ ২১ আগস্ট। ২০০৪ সালের এই দিনে রাজধানীর তৎকালীন বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের সমাবেশে ভয়াবহ গ্রেনেড হামলার ঘটনা ঘটে। এতে ২৪ জন নিহত হন এবং শতাধিক মানুষ আহত হন। নিহতদের মধ্যে আওয়ামী লীগের নেত্রী আইভি রহমানও ছিলেন।
ওই সময়ের বিরোধীদলীয় নেতা শেখ হাসিনাকে কেন্দ্র করে আয়োজিত সমাবেশে একের পর এক গ্রেনেড বিস্ফোরণ ঘটানো হয়। এতে ঘটনাস্থলে উপস্থিত নেতাকর্মী ও সাধারণ মানুষের মধ্যে ব্যাপক হতাহতের ঘটনা ঘটে।

এ ঘটনায় দায়ের করা হত্যা ও বিস্ফোরক আইনের মামলায় ২০১৮ সালে বিচারিক আদালত আসামিদের বিভিন্ন ধরনের সাজা দিয়েছিলেন। পরে ওই রায়ের বিরুদ্ধে আপিল হলে ২০২৪ সালের ১ ডিসেম্বর হাইকোর্ট আগের সিদ্ধান্ত বাতিল করে আসামিদের খালাস দেন।

LENS ASIA

এরপর রাষ্ট্রপক্ষের করা আপিলের শুনানি শেষে ২০২৫ সালের ৪ সেপ্টেম্বর আপিল বিভাগও খালাসের সিদ্ধান্ত বহাল রাখেন। তৎকালীন প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে ছয় বিচারপতির বেঞ্চ সর্বসম্মতভাবে ওই রায় ঘোষণা করেন।